# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

***India's National Spiritual Newspaper***

***₹ 10/-***

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

**Editor : S. SAM SELVA RAJ** | **16 Languages** | **Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH**

**Vol XXVI** YEAR OF OUR LORD JESUS CHRIST, 2024 OCTOBER **No. 9**


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

হিতোপদেশ ১৩ :১-১০

১। জ্ঞানবান ছেলে বাবার নির্দেশ মানে, কিন্তু বিদ্রূপকারী ভর্ৎসনায় কান দেয় না।

২। মানুষ তাদের মুখের ফল দ্বারাই মঙ্গল উপভোগ করে, কিন্তু বিশ্বাসঘাতক হিংস্রতার প্রবৃত্তি রাখে।

৩। যারা ঠোঁট নিযন্ত্রণে রাখে তারা তাদের প্রাণ রক্ষা করে,কিন্তু যারা বেপরোয়াভাবে কথাবার্তা বলে তাদের সর্বনাশ হয়।

৪। অলসের ক্ষিদে কখনও মেটে না, কিন্তু পরিশ্রমীদের বাসনাগুলি পুরোপুরি চরিতার্থ হয়।

৫। ধার্মিকেরা মিথ্যাচারিতা ঘৃণা করে, কিন্তু দুষ্টেরা নিজেদের এক দুর্গন্ধে পরিণত করে ও নিজেদের উপরে লজ্জা ডেকে আনে।

৬। ধার্মিকতা ন্যায়পরায়ণ মানুষদের রক্ষা করে, কিন্তু দুষ্টতা পাপীদের উৎখাত করে।

৭। কেউ ধনী হওয়ার ভান করে, অথচ তার কাছে কিছুই নেই; অন্যজন দরিদ্র হওয়ার ভান করে, অথচ তার কাছে মহাধন আছে।

৮। মানুষের ধন হয়তো তাদের প্রাণের প্রায়শ্চিত্ত করতে পারে, কিন্তু দরিদ্রকে ভয় দেখানো যায় না।

৯। ধার্মিকদের আলো উজ্জ্বলভাবে জ্বলজ্বল করে, কিন্তু দুষ্টদের প্রদীপ নিভে যায়।

১০। যেখানে বিবাদ থাকে, সেখানে অহংকারও থাকে, কিন্তু যারা পরামর্শ নেয় তাদের অন্তরে প্রজ্ঞা পাওয়া যায়।

## আমাদের চিন্তা গুরুত্বপূর্ণ: দাউদের জীবন থেকে মানসিক চেতনা



(অনারারী সম্পাদিকা-ইন -চীফ. রেভা.অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা, যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে আপনাদের সবাইকে শুভেচ্ছা জানাই।

আমাদের পত্রিকার মাধ্যমে প্রতিমাসে আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটির বর্ধিত পরিবারের সদস্যদের সঙ্গে সংযোগ করতে পারার বিষয়টি আমার কাছে মহা আনন্দ আনে। প্রভু আমাদের জীবনে তাঁর উদ্দেশ্য সম্পূর্ণ করতে আমাদের চালনা করুন এবং আমাদের পথ দেখান এবং তাঁর প্রত্যাবর্তনের জন্য আমাদের প্রস্তুত করুন।


সম্মানিত বেঞ্জামিন ফ্রাঙ্কলীন, মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিষ্ঠাকারী জনক হিসাবে গণ্য হয়েছিলেন, একবার তিনি বলেছিলেন, "আপনি যদি পরিকল্পনা করতে ব্যর্থ হয়েছেন, তাহলে আপনি ব্যর্থ হওয়ার জন্য পরিকল্পনা করছেন।" এই কথাগুলি অত্যন্ত প্রভাবপূর্ণ কথা। আমাদের জীবনের জন্য পরিকল্পনা অত্যন্ত জরুরী।

কিছু সংখ্যক লোক পরিকল্পনা করা এবং সম্পাদন করা, উভয় বিষয়ে অত্যন্ত পারদর্শী। অন্যরা পরিকল্পনা করতে পারে কিন্তু তাদের রণকৌশলগুলি প্রয়োগ করতে অত্যন্ত সংগ্রাম করতে হয়। আরেকটি দল আছে যারা একেবারেই পরিকল্পনা করে না, তার পরিবর্তে প্রবাহের সঙ্গে ভেসে যাওয়ার বিষয়টি বেছে নেয়।

*ক্রমশ: ৩য়পৃষ্ঠায়*


তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**



আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

**৫ মিনিটের বাণী!!**

**তামিল এবং তেলেগু - ভোর ৫টা**

**তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০**

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)

REACHING NATIONS



## *from your dearly beloved brother...*



**"সদাপ্রভু তোমাদের হয়ে যুদ্ধ করবেন, তোমাদের শুধু স্থির হয়ে থাকতে হবে"**-- যাত্রা ১৪:১৪

**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM., MBA.
**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran



**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858 95661 31858
**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com
**YOUTUBE CHANNEL**
Echo of His Call


আমরা আপনাদের আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে শুভেচ্ছা জানাই!

আমরা পাস্টর এস. স্যাম সেলভা রাজের আত্মজীবনী প্রস্তুতির পক্রিয়ার মধ্যে আছি। আপনি যদি গত ৫৫ বছর যাবৎ তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার দ্বারা আশীর্ব্বাযুক্ত হয়ে থাকেন, এবং আপনার যদি পাস্টর এস. স্যাম সেলভা রাজের এবং তাঁর পরিচর্যাগুলির মাধ্যমে আমাদের প্রভু যীশু খ্রীষ্টের সঙ্গে সাক্ষাৎ হয়ে থাকে, তাহলে এই আত্মজীবনীতে আপনার অভিজ্ঞতাগুলোর সহভাগিতা করার জন্য আমরা আপনাকে আমন্ত্রণ জানাচ্ছি।

আমরা যখন ২০২৪ এর শেষের দিকে এগিয়ে যাচ্ছি, তখন আমরা আমাদের প্রতি ঈশ্বরের অবর্ণনীয় এবং ব্যাখ্যাতীত সময়মতো সাহায্যের জন্য, আসুন আমরা হাতে হাত মিলিয়ে তাঁর প্রতি আমাদের কৃতজ্ঞতা প্রকাশ করি। অসংখ্য ঘটনার ক্ষেত্রে, তিনি আমাদের মিশনকে সাহায্য করার জন্য আপনাদের ব্যবহার করেছেন। সেই একই ঈশ্বর, যীশু খ্রীষ্ট, আজ আপনার কাছেও সুপ্রাপ্য; সেই কারণে, আপনি তাঁর উপর বিশ্বাস করতে পারেন এবং আপনার নিজের জীবনে আশ্চর্য কাজের জন্য তাঁর উপর নির্ভর করতে পারেন।

এই বিষয়ে, আমাদের পরিচর্যাগুলির নিম্নলিখিত দিকগুলির জন্য আমরা আপনাদের কাছে আন্তরিকভাবে প্রার্থনা কামনা করি:

• প্রতিমাসে ১৬টি ভাষায় আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি প্রকাশনার সঙ্গে প্রায় ৭৫ জন ব্যক্তি যুক্ত আছেন। তাদের দায়িত্ব হচ্ছে বাণী প্রস্তুত করা, টাইপ করা, অনুবাদ করা, প্রুফরীডিং, পেজ লেআউট, মেসিন প্রিন্টিং, হাতে ভাঁজ করা, লেবেল করা এবং নির্দিষ্ট তারিখে পোস্ট অফিসে পত্রিকাটি পাঠানো, এবং ইমেল পাঠানো। সম্প্রতি, পরিচর্যাটি যখন বৃদ্ধি পেয়েছে, শত্রু এই ভাই বোনদের নিশানা করেছে, অসুস্থতা, পরিবারিক বিভিন্ন বিষয়গুলো, এবং আর্থিক সমস্যার মাধ্যমে তাদের বিরক্ত করছে। অনুগ্রহ করে ৭৫ জন সদস্যদের এবং তাদের পরিবারগুলির উন্নতির জন্য প্রার্থনা করুন।

সময় যত অতিবাহিত হচ্ছে, কর্মীদের মানসিকতা, সরকারী রীতিনীতিগুলি, এবং আমাদের বন্ধুদের থেকে আর্থিক সাহায্য কমে যাওয়ার ফলে আমাদের প্রশাসনিক সমস্যাগুলি আরও তীব্র হচ্ছে। বর্তমানের অসংখ্য বিশ্বাসীরা সমৃদ্ধি, ত্রুটিমূলক মতবাদ, এবং আত্মিক জগতের আকর্ষণগুলির দ্বারা প্রভাবিত হচ্ছে, যা তাদেরকে প্রকৃত ঈশ্বরের দাসদের অবহেলা করার পথে চালিত করছে। বাস্তবিক আমরা এই পরিস্থিতির দ্বারা প্রভাবিত হচ্ছি, কিন্তু আমাদের ঈশ্বর তাঁর দাসদের এবং পরিচর্যাগুলির জন্য চিন্তা করার বিষয়ে বিশ্বস্ত আছেন। এই পরিস্থিতিগুলির পরিবর্তনের জন্য অনুগ্রহ করে প্রার্থনা করুন।

• আমাদের মণ্ডলীগুলি, নহিমিয় বাইবেল কলেজগুলি, থিওলজিক্যাল করেসপণ্ডিং কোর্সগুলি, বাইবেলকোর-বাইবেল করেসপণ্ডেস কোর্সগুলি, ইউটিউব মিনিসট্রি, সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, এবং প্রিন্টিং প্রেস ফলপ্রসুভাবে কাজ করে চলেছে; যাইহোক, এই সমস্ত উদ্যোগগুলির জন্য আত্মিক এবং আর্থিক উৎসাহের প্রয়োজন।

• আমাদের মিশনক্ষেত্রগুলি, মণ্ডলীগুলি, প্রিন্টিং প্রেস, অফিস, স্কুল এবং বাইবেল কলেজগুলির সঙ্গে একযোগে কাজ করার জন্য আমাদের আরও অধিক সমর্পিত কর্মীদের প্রয়োজন।

• আমাদের হিন্দি এবং তামিল বাইবেল কলেজগুলিতে শিক্ষার্থীদের নিযুক্ত করার বিষয়টি আমাদের কাছে চ্যালেঞ্জের বিষয় হচ্ছে। বিভিন্ন কারণ বশতঃ কয়েক জন নেতা তাদের যুবকদের আমাদের বাইবেল কলেজগুলিতে পাঠাতে চাইছেন না। তবুও, তাদের বিভিন্ন এলাকায় পাঠানোর আগে আমরা তাদের যত্নসহকারে শিক্ষা দিই, প্রশিক্ষণ দিই, খাবার দিই, এবং তাদের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করি, ঈশ্বর কর্তৃক তাদের আহ্বান অনুসারে তাদের পরিচর্যাগুলি চালিয়ে যেতে আমরা তাদের সক্ষম করি। আমাদের প্রশিক্ষণের জন্য আমরা তাদের কাছ থেকে কোনও টাকা পয়সা নিই না। আমরা যাদের প্রশিক্ষিত করেছি তারা এখন তাদের ক্ষেত্রগুলিতে তারাদের মতো জ্বলজ্বল করছে। অনুগ্রহ করে এই পরিস্থিতির জন্য প্রার্থনা করুন।

আমরা এ বছর সেপ্টেম্বর, অকটোবর, নভেম্বর, এবং ডিসেম্বর মাসে বেশ কয়েকটি আউটরীচ প্রোগ্রামের সময়সূচী নির্ধারণ করেছি। এই কার্যকলাপগুলি চলাকালীন সুরক্ষার জন্য আমরা আপনাদের কাছে একান্ত ভাবে প্রার্থনা কামনা করছি।

পরিচর্যায় আমাদের একসাথে যাত্রার সময় আপনাদের সাহয্যের বিষয়টিকে আমরা গভীরভাবে তারিফ করি। আমরা আপনাদের সমস্ত পত্রের, ই-মেইলের আন্তরিকভাবে সাড়া দেবার চেষ্টা করি এবং মানি অর্ডার, ব্যাঙ্ক চেক, ডিমাণ্ড ড্রাফটস, ট্রান্সফার, নেট ব্যাঙ্কিং, এবং জি-পের মাধ্যমে অর্থনৈতিক অনুদানগুলির প্রাপ্তি স্বীকার করি। আপনারা যদি নির্দিষ্ট সময়ের মধ্যে আমাদের উত্তরগুলি, রসিদগুলি, অথবা আমাদের আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি না পেয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে নিম্নলিখিত ফোন নম্বরে আমাদের সঙ্গে যোগাযোগ করুন: +91 98410 71858 or +91 98412 71858 , আপনাদের সাহায্য করার জন্য আমরা সর্বদা উপস্থিত আছি। ঈশ্বর আপনাদের প্রচুর আশীবর্বাদ করুন।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

**পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম**
**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**
(+91) 98412 71858 / 98410 71858,
**E.mail : sam@echoofhiscall.org**

## তাঁর আহ্বানের প্রতিধ্বনির পাঠকগণ: অনুগ্রহ করে মনোযোগ দিন

আমাদের ৫ মিনিটের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলের** বাণীগুলি প্রতিদিন ভোর ২টোর সময় তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় সম্প্রচারিত হয়। এই বাণীগুলি দেখার দ্বারা আপনি ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারেন।

এছাড়াও আপনারা আমার নিম্নলিখিত ব্যক্তিগত ফোন নম্বরগুলি আপনাদের মোবাইল ফোনে সেভ করতে পারেন: (+91) 98412 71858 / 98410 71858

— **পাস্টর এস. স্যাম সেলভারাজ**

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

আমি অবাক হই, আপনি কোন শ্রেণীর অন্তর্ভুক্ত? হিতোপদেশ ১৯:২১ পদে বাইবেল আমাদের মনে করিয়ে দেয়: **"মানুষের অন্তরে অনেক পরিকল্পনা থাকে, কিন্তু সদাপ্রভুর অভীষ্টই প্রবল হয়।"**

আমরা আমাদের ভবিষ্যত সম্পর্কে অসংখ্য পরিকল্পনা করতে পারি- শিক্ষা, বিবাহ, সন্তানসন্ততি, পেশা,এবং সম্পদ আহরণ, আরও অসংখ্য বিষয়ে আমরা পরিকল্পনা করতে পারি। যাইহোক, কিন্তু শেষে সদাপ্রভুর কামনা এবং ইচ্ছাই চরিতার্থ হয়। হিতোপদেশ ১৬:৯ পদে বলা হয়েছে: **"মানুষ মনে মনে তাদের গতিপথের বিষয়ে পরিকল্পনা করে, কিন্তু সদাপ্রভুই তাদের পদক্ষেপ স্থির করেন।"** এখানে কে জি ভি সংস্করণে ইংরাজীতে 'ডেভিসেথ' পরিভাষাটি বাংলায় "মানুষের মনের গতিপথ" বা "সঙ্কল্প" অর্থে প্রকাশ করা হয়েছে। যা ব্যক্ত করে যে সদাপ্রভু আমাদের সমস্ত পথ স্থির করেন।

চিন্তা হচ্ছে মানবজাতিকে প্রদত্ত ঈশ্বরের একটি অসাধারণ উপহার। এমনকি মনস্তত্ত্ববিদেরাও এই বিষয়টির সত্যতা নিরূপণ করেছে যে চিন্তাগুলি অবিশ্বাস্য ভাবে শক্তিশালী; চিন্তাই আমাদের কার্য এবং আবেগগুলিকে চালিত করে। এই কারণেই বাইবেল আমাদের "মনকে পাহাড়া দেওয়ার" বিষয়ে উপদেশ দিয়েছে, যেহেতু আমরা আমাদের চিন্তাগুলি গঠনের জন্য যা কিছু আসতে দিই, প্রতিদানে, আমাদের সেই চিন্তাগুলি আমরা যা কিছু বলি এবং যেভাবে আমরা আচরণ করি তার ওপর প্রভাব বিস্তার করে। সেই কারণে চিন্তা আমাদের জীবনে একটি অত্যন্ত জরুরী বিষয়।

একটি চিন্তা আমাদের জীবনের গতিপথ পরিবর্তনের ক্ষমতা রাখে। আসুন আমরা আবিষ্কার করি ঈশ্বর আমাদের সম্পর্কে কি চিন্তা করেন। যিরমিয় ২৯:১১ পদে বলা হয়েছে, **"কারণ তোমাদের জন্য পরিকল্পনার কথা আমি জানি।"** ঈশ্বর কেবল পরিকল্পনা করেন না; তিনি আমাদের জন্য চিন্তা করেন, যা সূচিত করে যে তিনি সক্রিয়ভাবে আমাদের বিষয় চিন্তা করছেন! আপনি কি চিন্তা করতে পারছেন যে সৃষ্টিকর্তা, যিনি এই জগতের সমস্ত ঘটনাগুলিকে একসূত্রে বেঁধেছেন, তিনি আমাদের জন্য এতো চিন্তাশীল? তিনি কেবল আমার ভবিষ্যতের বিষয় চিন্তা করেন না কিন্তু তিনি আমার ভবিষ্যত বংশের জন্যেও চিন্তা করেন। আমি এমন একজন ঈশ্বরকে বিশ্বাস করি যিনি আমার তত্ত্বাবধান করেন এবং আমার বিষয়ে চিন্তা করেন, এই বিষয়টি জানা আমাদের পুনরায় গভীরভাবে আশ্বস্ত করে।

বাইবেল আমাদের শিক্ষা দেয় যে **"কারণ আমার চিন্তাধারা তোমাদের চিন্তাধারার মতো নয়, আবার আমার পথসকল তোমাদের পথসকলের মতো নয়"** (যিশাইয় ৫৫:৮)। কেন বিষয়টি এরকম? এর কারণ হচ্ছে ঈশ্বর আমাদের যেভাবে উপলব্ধি করেন এবং যেভাবে তিনি আমাদের সম্পর্কে চিন্তা করেন তা আমরা যেভাবে দেখি এবং আমাদের নিজেদের বিষয় চিন্তা করি তা সম্পূর্ণ ভিন্ন।

উদাহরণস্বরূপ, বিচারকর্তৃগণ পুস্তকের ৬ অধ্যায়ে বর্ণিত গিদিয়োনের বিষয়টি বিবেচনা করা যাক। তিনি মিদিয়নীয়দের দৃষ্টির আড়ালে লুকিয়ে গম মাড়াই করছিলেন। খোলা জায়গায় এটা করার মতো তার সাহস ছিল না এবং তিনি নিজেকে গোপন করেছিলেন। গিদিয়োন কে ছিলেন এটাই ছিল তাঁর বাস্তবরূপ। যাইহোক, সদাপ্রভু যখন গিদিয়োনের সম্মুখীন হয়েছিলেন, পর্যবেক্ষণ করুন কীভাবে তিনি তাঁকে সম্বোধন করেছিলেন--বিচারকর্তৃগণ ৬:১১-১২



গিদিয়োনের কাছে স্বর্গদূত আবির্ভূত হয়েছিলেন

**"যোয়াশের ছেলে গিদিয়োন তখন সেখানে মিদিয়নীয়দের দৃষ্টির আড়ালে সরিয়ে রাখার জন্য এক আঙুর মাড়াই-কলে দাঁড়িয়ে গম মাড়াই করছিলেন। সদাপ্রভুর দূত গিদিয়োনের কাছে আবির্ভূত হয়ে বললেন, 'হে বলবান যোদ্ধা, সদাপ্রভু তোমার সহবর্তী।' "**

সদাপ্রভু যখন গিদিয়োনকে বলবান যোদ্ধা বলে উল্লেখ করেছিলেন, তখন গিদিয়োন নিজেকে কিছুটা ভিন্নভাবে উপলব্ধি করেছিলেন। বিচারকর্তৃগণ ৬:১৫ পদে,

তিনি উত্তর দিয়েছিলেন, **"আমি কীভাবে ইস্রায়েলকে রক্ষা করব? আমার বংশই মনঃশি গোষ্ঠীর মধ্যে সবচেয়ে দুর্বল, এবং আমার পরিবারে আমিই সবচেয়ে নগণ্য।"**

গিদিয়োন নিজেকে সব থেকে দুর্বল এবং নগণ্য রূপে দেখেছিলেন, তথাপি ঈশ্বর তাকে তাঁর প্রজাদের উদ্ধার করার উদ্দেশে এবং তাদের শত্রুদের পরাজিত করার উদ্দেশে একজন বলবানরূপে দেখেছিলেন।

প্রায়ই আমাদের নিজেদের চিন্তাগুলো আমাদের অগ্রসর হওয়ার পথে বাধা সৃষ্টি করে। আমাদের উপর ঈশ্বর যে দানগুলি, প্রতিভাগুলি, এবং আহ্বান দিয়েছেন তাকে তুচ্ছ করে দেখার প্রবণতা আমাদের মধ্যে থাকে, যা আমাদের স্বর্গীয় উদ্দেশ্য সম্পূর্ণ করতে ব্যর্থতার দিকে চালিত করে।

## আগে থেকে চিন্তা করা

কয়েক জন ব্যক্তি অপরিণত অবস্থায় কাজ করে, ঈশ্বরের সময়ের জন্য অপেক্ষা না করে, তারা তাদের নিজেদের পরিকল্পনাগুলি অনুসারে কাজ করে। মোশির বিষয়টি বিবেচনা করা যাক: তিনি দুজন ইস্রায়েলীয়কে লড়াই করতে দেখেছিলেন, তিনি হস্তক্ষেপ করেছিলেন, তিনি বিশ্বাস করেছিলেন যে তিনি তাঁর লোকদের উদ্ধার করতে পারবেন। যাইহোক, এটা ঈশ্বর কর্তৃক অভিষিক্ত সময় ছিল না। তিনি দুজন ইস্রায়েলীয়দের মধ্যে বিবাদের মীমাংসা করার চেষ্টা করেছিলেন যার পরিণতি বিপর্যয়ের মধ্যে শেষ হয়েছিল।

## চিন্তাগুলির শক্তি

আমাদের চিন্তাগুলো অসাধারণ শক্তিশালী; এগুলি অর্থপূর্ণভাবে আমাদের ব্যবহার এবং আবেগগুলির উপর প্রভাব বিস্তার করে। মনস্তত্ত্ববিদেরা এই প্রভাবের বিষয়টিকে স্বীকার করেছেন, আর এই কারণেই এটি ধারণা সম্পর্কিত আচরণসংক্রান্ত রোগনিরাময় চিকিৎসার ক্ষেত্রে গুরত্বপূর্ণ ভূমিকা পালন করে। চিন্তাগুলি আমাদের জীবনে জরুরী বিষয়ের উপর প্রভাব বিস্তার করে, আর এই কারণেই বাইবেলে আমাদের মনকে রক্ষা করার উপদেশ দেওয়া হয়েছে। আমরা আমাদের মনের মধ্যে যা কিছু আসতে দিই তা আমরা কিভাবে চিন্তা করবো তার উপর স্পষ্ট প্রভাব বিস্তার করে। একটি বিপথগামী চিন্তা আমাদের জীবনের সমগ্র যাত্রাপথকে বিচ্যুত করতে পারে এবং আমাদের জন্য ঈশ্বরের যে পরিকল্পনা এবং উদ্দেশ্যগুলি আছে তার থেকে আমাদের সরিয়ে দিতে পারে।

## দাউদের অন্তর্দৃষ্টি

দাউদ এমন একজন লোক ছিলেন যিনি ঈশ্বরকে খুশী করার এবং তাঁকে তার জীবনের কেন্দ্রে রাখার চেষ্টা করেছিলেন। শৌল অবিরত দাউদকে ধরার চেষ্টা করলেও ঈশ্বর দাউদকে শৌলের হাতে তুলে দেননি। তার পরিবর্তে, ঈশ্বর শৌলকে দাউদের হাতে তুলে দিয়েছিলেন। যাইহোক, দাউদ শৌলের কোনও অনিষ্ট করেননি, তিনি ঘোষণা করেছিলেন, "তিনি সদাপ্রভুর অভিষিক্ত।" দাউদ শৌলের উপর অভিষেকের বিষয়টিকে শ্রদ্ধা করেছিলেন, যখন শৌল তাঁর স্বর্গীয় নিযুক্তি অনুসারে কাজ করেননি।

দাউদ ছিলেন এমন একজন ব্যক্তি যিনি ঈশ্বরকে সন্তুষ্ট করার চেষ্টা করতেন এবং তাঁকে তার জীবনের

(ক্রমশঃ ৮পৃষ্ঠায়)

RESIDENTIAL BIBLE COURSE
NEHEMIAH BIBLE COLLEGE, Chennai.
ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE
REACHING NATIONS
Medium : Hindi
Recognised by International Christian Leaders & Senior Pastors for the past 55 years
Rush for Admission!
Diploma in Theology
Qualification : 10th Standard & above
Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

**ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)**

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে অকটোবর থেকে ১৮ইনভেম্বর, ২০২৪)



(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**অকটোবর ১৯ :** বিভিন্ন বাধা থাকা সত্ত্বেও ঈশ্বর আমাদের তাঁর আহ্বানের প্রতিধবনি পরিচর্যাগুলির মাধ্যমে তাঁর রাজ্য বিস্তার করতে সক্ষম করেছেন।

**দিন ২০:** প্রিন্সিপাল, কর্মীগণ এবং শিক্ষার্থীসহ আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলকে** আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২১:** সমর্পিত সহযোগি সম্পাদকদের দ্বারা আমাদের পরিচর্যাকে আশীর্ব্বাদ করার জন্য যারা আমাদের আহ্বানের প্রতিধবনি পত্রিকা পরিচর্যাটিকে সহায্য করছেন।

**দিন ২২:** আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের নতুন প্রিন্সিপাল নিযুক্ত করতে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৩:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্ব্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতেপাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২৪:** আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার** কর্মী এবং তাদের পরিবারগুলিকে রক্ষা করার জন্য।

**দিন ২৫:** আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার** ইউ টিউব মিডিয়া মিনিস্ট্রীর পাঁচ মিনিটের বাণী প্রচারের কারণ বিভিন্ন সাক্ষ্য দ্বারা আমাদের আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৬:** আমাদের সমর্পিত কর্মীদের সহায়তায় সুসমাচার প্রিন্টিং প্রেসের অবিরত কাজ পরিচালিত হওয়ার জন্য আমরা কৃতজ্ঞ।

**দিন ২৭:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৮:** আমাদের বিভিন্ন পরিচর্যাগুলি পরিচালনার ক্ষেত্রে তাঁর অবিরত নির্দেশনার জন্য আমরা তাঁর প্রশংসা করি।

**দিন ২৯:** আমাদের **বাইবেল করেসপণ্ডেস কোর্স এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের** বৃদ্ধি উদযাপন করি।

**দিন ৩০:** আমাদের **নহিমিয় বাইবেল কলেজের** সমস্ত কার্যকলাপ মসৃণভাবে পরিচালনা করতে তাঁর দয়ার জন্য আমরা কৃতজ্ঞ।

**দিন ৩১:** আমাদের মিশন কর্মীদের উপর এবং তাদের পরিবারের উপর আশীর্ব্বাদের জন্য আমরা তাঁকে ধন্যবাদ দিই।

**নভেম্বর ০১:** আমরা বিভিন্ন পরিচর্যাগুলির মাধ্যমে আমাদের বরিষ্ঠ পালকের সুসমাচার প্রচারের উদ্দেশে তাঁর প্রতিশ্রুতিবদ্ধতাকে স্বীকার করি।

**দিন ০২:** আমাদের প্রধান মণ্ডলীতে পুরুষদের সভার জন্য তাঁর আশীর্ব্বাদ যাচনা করি।

**দিন ০৩:** গতমাসে আমাদের সমস্ত আর্থিক এবং আত্মিক প্রয়োজনগুলি মেটানোর জন্য আমরা কৃতজ্ঞতা প্রকাশ করি।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** সারা পৃথিবীর পালক এবং মিশনারীদের স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ৫:** ইউক্রেন এবং রাশিয়ার মধ্যে যুদ্ধের সমাপ্তি এবং ঐক্য ও শান্তি পুনরুদ্ধারের জন্য প্রার্থনা করি।

**দিন ৬:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থা এবং চার্চগুলির আশীর্ব্বাদ এবং সুরক্ষার জন্য।

**দিন ৭:** সমস্ত বিশ্বাসীদের অন্তর আলোকিত করার জন্য।

**দিন ৮:** আমাদের সিস্টার, যেশী বীণা স্যাম সেলভা রাজের জন্য প্রার্থনা করুন, তিনি আবার অসুস্থ হয়েছেন।

**দিন ৯:** সারা পৃথিবীর আত্মিক নেতাদের জন্য প্রার্থনা করুন।

**দিন ১০:** আমাদের বরিষ্ঠ পাস্টরের আত্মজীবনী লেখার বিষয়ে তাঁর উদার পরিচালনার জন্য।

**দিন ১১:** আমাদের মিশন ক্ষেত্রগুলির কর্মীদের জন্য।

**দিন ১২:** আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলিতে** ঈশ্বর যেন আরও অধিক সমর্পিত কর্মীদের নিযুক্ত করেন।

**দিন ১৩:** আমাদের পরিচর্যাগুলির সঙ্গে সম্পর্কযুক্ত কর্মীদের বেতন, মুদ্রণের উপকরণগুলি, ডাক মারফৎ পত্রিকা পাঠানোর খরচ, যাতায়াতের খরচ বাবদ আমাদের আর্থিক প্রয়োজনগুলির জন্য।

**দিন ১৪:** মাদক সেবনকারীদের এবং দুষ্ট কার্যকারীদের সম্পূর্ণ সুস্থ জীবনে ফিরে আসার জন্য।

**দিন ১৫:** এই প্রজন্মের যুব এবং শিশুদের জন্য প্রার্থনা করার উদ্দেশ্যে **গ্লোবাল ভিসন ফর ইয়ূথ অ্যাণ্ড কিড কেয়ার মিনিস্ট্রীতে** নাম নথিভুক্ত করার বিষয়টি যেন আরও বৃদ্ধি পায়।

**দিন১৬:** সমস্ত ধর্মের মধ্যে ঐক্যের জন্য।

**দিন ১৭:** সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার প্রসারিত করতে আমাদের সক্ষম করার জন্য।

**দিন ১৮:** আমাদের নেতৃবর্গ, সরকারী অধ্যক্ষগণ, এবং কতৃপক্ষের উপর তাঁর অনুগ্রহপূর্ণ দয়ার জন্য।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

কেন্দ্রে রাখতেন। দাউদকে ধরার অবিরত চেষ্টা করা সত্ত্বেও ঈশ্বর দাউদকে শৌলের হাতে দিয়ে দেননি। তার পরিবর্তে, প্রায় তিনটি ঘটনার অধিক ক্ষেত্রে তিনি শৌলকে দাউদের হাতে তুলে দিয়েছিলেন। যাইহোক, দাউদ শৌলের কোনও ক্ষতি করেননি, তিনি ঘোষণা করেছিলেন, "তিনি সদাপ্রভুর অভিষিক্ত।" দাউদ শৌলের উপর অভিষেকের বিষয়টিকে সম্মান করেছিলেন, যদিও শৌল তার স্বর্গীয় নিযুক্তি অনুসারে কাজ করেননি।

একবার দাউদ যখন প্রাচীর ঘেরা শহর কিয়ীলাতে গিয়েছিলেন, তখন শৌল দাউদকে বন্দী করার সেই সময়টিকে একটি চমৎকার সুযোগ হিসাবে দেখেছিলেন, তিনি মনে করেছিলেন যে দাউদ সেই শক্তিশালী প্রাচীরের মধ্যে থেকে পালাতে পারবেন না (১ শমূয়েল ২৩)। তথাপি, আমরা দেখতে পাই যে ঈশ্বর দাউদকে রক্ষা করেছিলেন। আবার ২৬ অধ্যায়ে, শৌল দাউদকে বন্দী করার অনেক কাছে এসেছিলেন, কিন্তু আরেকবার, ঈশ্বর দাউদকে রক্ষা করেছিলেন।

আরেকবার ২৬ অধ্যায়ে শৌল যখন দাউদকে ধরার প্রায় কাছে চলে এসেছিলেন, তখন দাউদ শৌলকে হত্যা করার সুযোগ পেয়েছিলেন কিন্তু তিনি অভিষিক্ত ব্যক্তির উপর হাত না তোলার বিষয়টি বেছে নিয়েছিলেন, পরিবর্তে তিনি সেখান থেকে চলে যাওয়ার বিষযটি বেছে নিয়েছিলেন। এই সমগ্র পরীক্ষার মধ্যে দাউদের জীবনের বিষয় ঈশ্বর বিশ্বস্ত থেকেছিলেন। শৌল যত বেপরোয়াভাবে দাউদকে হত্যা করার প্রচেষ্টা করে থাকুন না কেন সেটা কোন বিষয় হয়নি, ঈশ্বর অবিরত তাঁকে রক্ষা করেছিলেন। ১ শমূ ২৩:১৪ পদে যেমন বর্ণনা করা হয়েছে, "...**দিনের পর দিন শৌল তাঁকে খুঁজে বেড়িয়েছিলেন, কিন্তু ঈশ্বর তাঁকে শৌলের হাতে পড়তে দেননি।**"

যাইহোক, আমাদের সকলের জীবনের মতো, দাউদের জীবনেও একটা সময় এসেছিল, যখন আমরা ঈশ্বরকে ভালোবাসি, ঈশ্বরের উপর আস্থা রাখি, এবং জানি যে তিনি আমাদের ভালোবাসেন এবং আমাদের বিষয় চিন্তা করেন, আমরা তাঁর কাছে যা চাই অথবা কল্পনা করি তার থেকেও অধিক তিনি আমাদের জন্য করতে সক্ষম। তথাপি, সন্দেহ আমাদের মধ্যে হামাগুড়ি দিয়ে প্রবেশ করে, আমাদের ভুল সিদ্ধান্তগুলি গ্রহণ করার দিকে চালিত করে।

১ শমূয়েল ২৭ অধ্যায়ে দাউদের জীবনের একটি কৌতূহল জাগানো অধ্যায় চিত্রিত করা হয়েছে, যা তাঁর জীবনে একটি হীনতম অবস্থা তৈরী করেছিল।

ইংরাজী বাইবেলে একটি উক্তিসহ শুরু করা হয়েছে, " দেন ডেভিড থট।" তিনি হঠাৎ ভীত হয়েছিলেন যে শৌল তাঁকে ধরে ফেলবে, তিনি বিশ্বাস করেছিলেন যে তিনি আর শৌলের বিরুদ্ধে দাঁড়াতে পারবেন না। এর ফলস্বরূপ, তিনি স্থির করেছিলেন তাঁর লোকদের সঙ্গে , তিনি তাঁর নিরাপত্তা সুনিশ্চিত করবেন। দাউদ পলেষ্টীয়দের মধ্যে আশ্রয় নেওয়ার বিষয়টি মনোনীত করেছিলেন, সদাপ্রভুর হস্ত অপেক্ষা তাঁর শত্রুদের হস্তে নিরাপদ থাকার বিষয়টি তিনি ভুল চিন্তা করেছিলেন।

এই সময় চলাকালীন, আমরা দেখতে পাই যে দাউদ জাগতিক সাফল্য লাভ করেছিলেন। তিনি যেখানেই গিয়েছিলেন, সেখানেই তিনি বিজয়ী হয়েছিলেন; তিনি প্রচুর ধলদৌলত, খ্যাতি, ক্ষমতা, এবং কর্তৃত্ব পুঞ্জিভূত করেছিলেন,তাঁর যা কিছু প্রয়োজন ছিল সমস্ত কিছু তিনি অধিকার করেছিলেন এবং তিনি একজন বিজয়ী ছিলেন।

যাইহোক, প্রায়ই আমরা সাফল্য এবং আশীবর্বাদগুলিকে ঈশ্বরের স্বর্গীয় উপহার হিসাবে দেখার বিষয়টিতে দ্বিধাগ্রস্ত হয়ে যাই। এমনকী শয়তানও আমাদেরকে ধনসম্পদ, খ্যাতি, এবং সমৃদ্ধি দিতে পারে। আমাদের এই বিষয়টি নিরূপণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আমাদের আশীবর্বাদগুলি ঈশ্বরের কাছ থেকে আসছে না কি শয়তানের কাছ থেকে আসছে। আশীবর্বাদ যদি আমাদের ঈশ্বরের কাছ থেকে দূরে নিয়ে যায়-- যেমন আমাদের কাজ অথবা শিক্ষা যদি আমাদেরকে গীর্জায় যোগদান করা থেকে নিবারিত করে অথবা তাঁর সঙ্গে আমাদের সম্পর্ককে আর গভীরতর করে — তাহলে এটাই হচ্ছে সেই সময় যখন আমাদেরকে অবশ্যই আমাদের প্রাধান্যগুলির পুনরায় মূল্যায়ন করতে হবে। আমাদের গভীরভাবে চিন্তা করতে হবে যে আমরা যে বিষয় উপভোগ করছি তা সত্যিই ঈশ্বরের কাছ থেকে উৎপন্ন হচ্ছে কি না।

দাউদ সুখী এবং তৃপ্ত ছিলেন, তিনি মনে করেছিলেন যে তিনি যত নিষ্ঠুর হত্যাগুলো করেছিলেন তা ঈশ্বরকে সন্তুষ্ট করেছিল এবং তাঁর কার্যকলাপগুলিতে ন্যায্য প্রতিপন্ন হয়েছিল। আশ্চর্যভাবে, এই সময় চলাকালীন, দাউদ একটিও গীত রচনা করেননি। আমি বিশ্বাস করি যে এটাই তাঁর মানসিকতার ভিত্তি তৈরী করেছিল যা তাঁকে নির্দ্বিদায় হত্যা করতে দিয়েছিল। বাইবেলে বর্ণিত আছে, "**যখনই দাউদ কোনো এলাকা আক্রমণ করতেন, তিনি সেখানে একটিও পুরুষ বা স্ত্রীলোককে জীবিত ছাড়তেন না, কিন্তু মেষ ও গবাদি পশু, গাধা ও উট, এবং পোশাক-পরিচ্ছদ লুট করতেন...**" (১ শমূ. ২৭:৯)।

এই আচরণ তাঁকে ঠাণ্ডা মাথায় হত্যাকারীতে রূপান্তরিত করেছিল, যার ফলে তাঁর কাছে বৎশেবার স্বামী ঊরীয়কে হত্যা করার চক্রান্ত করার বিষয়টি সহজ করেছিল। তাকে তার নিজের মৃত্যুর দায়িত্ব দেওয়া হয়েছিল। এই কাজের বিষয়ে দাউদের মধ্যে কোনও অনুশোচনা দেখা যায়নি, অনেক বছর আগে ঈশ্বরের


# NEHEMIAH BIBLE EVENING COLLEGE

Chepauk & Santhoshapuram, Chennai.

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

Medium :Tamil

**Rush for Admission!**

Recognised by International Christian Leaders & Senior Pastors for the past 55 years

**Diploma in Theology**

Qualification : 10th Standard & above

Contact : The Chairman, Nehemiah Bible College.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, BELLS ROAD, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
14. **Preliminy Service : 8.00 a.m. Sunday**
15. **Tamil Service : 8.30 a.m. Sunday**
16. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
17. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
18. **Hindi Service : 4.00 p.m. Sunday**
19. **Telugu Service : 5.00 p.m. Sunday**
20. **English & Hindi Service : 6.00 p.m. Sunday**
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.00 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

**WANTED**

**PRINCIPAL**
**for**
**CHRISTIAN MATRICULATION SCHOOL**
**at**
**Chennai.**

We need well qualified, experienced, dedicated, hard working and mission oriented Christian.

Apply to :
E.mail: biblecor@yahoo.co.in
WhatsApp: (+91) 97908 05460

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## অপূর্ব কিন্তু সত্য !

একবার আমাকে এবং আমার পুত্র, অ্যালেকস্‌কে বিদেশে ঈশ্বরের বাক্য সহভাগিতা করার জন্য আমন্ত্রণ জানানো হয়েছিল। যে ভাই আমাদের আমন্ত্রণ জানিয়ে ছিলেন তিনি আমাদের বিদেশ যাত্রার যাতায়াতের সমস্ত খরচ বহন করার প্রতিজ্ঞা করেছিলেন। ঈশ্বর আমাদের ঐ দেশে পরিচালিত করেছিলেন, এবং আমাদের পরিচর্যা কার্য ব্যতিক্রমীভাবে ভালো হয়েছিল। প্রভু পরাক্রমের সঙ্গে কাজ করেছিলেন এবং তাঁর নিজের জন্য অনেক আত্মাকে মনোনীত করেছিলেন।

যখন সারাদিনের কাজ সমাপ্ত হয়েছিল, আমরা সেই স্থান পরিত্যাগ করার জন্য প্রস্তুত হচ্ছিলাম। যাইহোক, যে ভাই আমাদের আমন্ত্রণ জানিয়েছিলেন তিনি আমাদের যাতায়াতের খরচ সম্পর্কে যে প্রতিজ্ঞা করেছিলেন তা সম্পূর্ণ করতে অক্ষম হয়েছিলেন। এই অপ্রত্যাশিত পরিস্থিতি আমাদের পরবর্তী যাত্রার আর্থিক পরিস্থিতিতে চ্যালেঞ্জ সৃষ্টি করেছিল। তথাপি, এটি ছিল একটি উল্লেখযোগ্য বিষয় যে এই ঘটনাটি আমাদের শান্তি নষ্ট করতে পারেনি। পবিত্র শাস্ত্রীয় বাক্য আমাদের স্মরণ করিয়ে দিয়েছিল, **"আর আমরা জানি যে, যারা ঈশ্বরকে ভালোবাসে, যারা তাঁর অভিপ্রায় অনুসারে আহূত, তিনি সর্ববিষয়ে তাদের মঙ্গলসাধনের জন্য কাজ করেন"** (রোমীয় ৮:২৮)। এই পদটি আমাদের কাছে সান্ত্বনা এনেছিল।

যদিও আমাদের পরের শহরটিতে যাবার জন্য টিকিট কেনা ছিল, কিন্তু আমাদের কাছে খাবার জন্য কোনও টাকা ছিল না। আমাদেরকে অনেক দাম দিয়ে টিকিট কিনতে হয়েছিল, এবং টাকা ছাড়া এয়ার লাইন জলও দেয় না। প্লেনটি যখন গন্তব্যে এসে পৌঁছেছিল তখন আমরা ক্ষুধা এবং তৃষ্ণা সহ্য করেছিলাম।

আশ্চর্যভাবে আমি এবং আমার পুত্র, দুজনের মধ্যে কেউ এর জন্য কারও বিরুদ্ধে কোনও তিক্ততা পোষণ করিনি। প্রতিশ্রুত আর্থিক অনুদান দিতে ব্যর্থ হওয়ার জন্য আমরা সেই ভাইকে কখনও দোষারোপ করিনি। আমরা দুজনেই এই বিষয়ে নীরব ছিলাম এবং আমাদের অন্তরকে কষ্ট দিইনি। ঈশ্বরের গৌরব হোক!

## "...মানুষ যা দেখে সদাপ্রভু তা দেখেন না। মানুষ বাইরের চেহারাই দেখে, কিন্তু সদাপ্রভু অন্তর দেখেন" (১ শমূ ১৬:৭)

পরবর্তী শহরে পৌঁছানোর পর, ঈশ্বরের সন্তানদের দ্বারা আমরা উষ্ণ অভ্যর্থনা পেয়েছিলাম, যারা আমাদের বিশ্রামের স্থানে নিয়ে গিয়েছিলেন এবং ব্যতিক্রমীভাবে উত্তমরূপে তারা আমাদের যত্ন নিয়েছিলেন।

পরদিন, একজন ভাই আমাদের সঙ্গে সাক্ষাৎ করতে এসেছিলেন। তিনি কিছু সময় আমাদের সঙ্গে কথা বলেছিলেন এবং আমার হাতে একটি খাম দিয়েছিলেন। তিনি বলেছিলেন, "পাস্টর, আপনার আপৎকালীন খরচের জন্য এটা আপনাকে দেবার বিষয়ে ঈশ্বর আমাকে নির্দেশ দিয়েছেন।" খামের মধ্যে যে অর্থ ছিল তা আমাদের যাত্রার খরচের থেকেও বেশী ছিল। এটা দেখে আমরা আনন্দে আপ্লুত হয়েছিলাম। ঐ ভাই এবং তার মণ্ডলী আমাদের উত্তম বন্ধুতে পরিণত হয়েছিল। কি অপূর্ব বিস্ময়! আমাদের কোনও অভাব হয়নি। সব সময় ঈশ্বর আমাদের পথ দেখিয়েছেন।

প্রিয় পাঠক, আপনিও কি এই প্রভুর সেবা করার বিষয়টি মনোনীত করেছেন? **"সিংহও দুর্বল ও ক্ষুধার্ত হয়, কিন্তু যারা সদাপ্রভুর অন্বেষণ করে, তাদের কোনো মঙ্গলের অভাব হবে না"** (গীত ৩৪:১০)।

---

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

ইচ্ছা এবং উপস্থিতির থেকে অনেক দূরে, পলেষ্টীয় এলাকার মধ্যে থাকাকালীন সময়ে তাঁর মধ্যে এই মানসিকতার বীজ রোপিত হয়েছিল।

এমনকী তিনি ইস্রায়েলীয়দের এবং শৌলের বিরুদ্ধেও যুদ্ধ করতে গিয়েছিলেন। ২৮ অধ্যায়ে, আমরা পলেষ্টীয় সেনাপতির উক্তিটি দেখি,"ঐ লোকটিকে ফেরত পাঠিয়ে দিন, আপনি তাকে যে পদে নিযুক্ত করেছেন সেখানে তাকে ফিরে যেতে বলুন। সে যেন আমাদের সঙ্গে যুদ্ধে না যায়, কারণ যুদ্ধ চলাকালীন সে আমাদের বিরোধী হবে।" তারা চূড়ান্তভাবে তাঁকে থামিয়ে দিয়েছিল।

কোনও একজন ব্যক্তি যখন তার মতাদর্শ থেকে পিছলিয়ে পড়ে যেতে থাকে এবং ঈশ্বরের কাছ থেকে অনেক দূরে সরে যায়, তখন সে খাড়াভাবে পতিত হয়। দাউদও দ্রুতগতিতে অধঃপতিত হচ্ছিলেন।

তাঁর কার্যলাপের পরিণতি সুস্পষ্ট ছিল:

যখন তিনি ফিরে এসেছিলেন, তিনি হতবাক হয়ে দেখেছিলেন, যা কিছু তিনি অর্জন করেছিলেন সব শেষ হয়ে গেছে।

১ শমূয়েল ৩০:১-২: **"দাউদ ও তাঁর লোকজন তৃতীয় দিনে সিক্লগে গিয়ে পৌঁছেছিলেন। ইত্যবসরে অমালেকীয়রা নেগেভে ও সিক্লগে হামলা চালিয়েছিল। তারা সিক্লগ আক্রমণ করে সেটি পুড়িয়ে দিয়েছিল,**

**এবং স্ত্রীলোকদের ও ছোট-বড় সবাইকে বন্দি করল। তারা কাউকেই হত্যা করেননি, কিন্তু ফিরে যাওয়ার সময় তাদের তুলে নিয়ে গেল।"**

দাউদ তাঁর সমস্ত পত্নীসহ সব কিছু হারিয়েছিলেন, এবং তাঁর লোকদের আনুগত্যও হারিয়েছিলেন, যারা প্রত্যেক জায়গায় তাঁর সঙ্গী হয়েছিল এবং তাঁর সঙ্গে সমস্ত যুদ্ধে লড়াই করেছিল।

১ শমূয়েল ৩০:৬ পদে বলা হয়েছে: **"দাউদ মনে**

**মনে খুব দুঃখ পেয়েছিলেন কারণ লোকেরা তাঁকে পাথর মারার কথা বলছিল।"**

দাউদ ভীষণ নিজেকে বিচ্ছিন্ন অনুভব করছিলেন; মনে হচ্ছিল প্রত্যেকে তাঁর বিরুদ্ধে চলে গেছে। তাঁর পরিবার, তাঁর পেশা, তাঁর সঞ্চয়, এবং তাঁর খ্যাতি— একরাতের মধ্যে সব চলে গেছিল। তাঁর নিজের লোকেরা তাঁকে আক্রমণ করতে ইচ্ছুক ছিল এবং এমনকি তারা তাঁকে হত্যা করতে চেয়েছিল। কাউকে বিশ্বাস করার মতো কেউ ছিল না, কাউকে তাঁর সমস্যাগুলি বলার অথবা তাঁর অনুভূতিগুলি সহভাগিতা করার মতো কেউ ছিল না।

একজন নেতা হওয়ার বিষয়টি প্রায়ই একটি নিঃসঙ্গতার অভিজ্ঞতা হতে পারে। যখন পরিস্থিতিগুলি অনুকুল থাকে, নেতারা প্রশংসা লাভ করে; যাইহোক, যখন বিষয়গুলি ঠিক থাকে না, তখন প্রায়ই এমন কেউ কাছে থাকে না যার কাছে সব থেকে অভ্যন্তরীণ অনুভূতিগুলি প্রকাশ করা যেতে পারে। অন্যদের মতো, দাউদ সব কিছু হারিয়েছিলেন, তথাপি তাঁর এই হতাশাগুলি প্রকাশ করার কোনও স্থান ছিল না অথবা তাঁর তীব্র মানসিক যন্ত্রণার আর্তনাদ প্রকাশ করার মতো কোনও জায়গা ছিল না। আপনি কি তাঁর মানসিক অবস্থা কল্পনা করতে পারেন?

কয়েক সময়, আমরা বিশ্বাস করি যে ঈশ্বরের কাছ থেকে দূরে যাওয়ার বিষয়টি গ্রহণযোগ্য। যাইহোক, ঈশ্বর প্রায়ই আমাদের জন্য অনেক দূর পর্যন্ত দড়ি ছাড়েন কারণ আমাদের জন্য তাঁর ভালোবাসা গভীর এবং অকল্পনীয়। এটি আমাদের সমস্ত পাপ এবং অবাধ্যতাকে অতিক্রম করে। এই কারণেই তিনি সমস্ত কিছু পশ্চাতে স্বর্গে ছেড়ে এসেছেন এবং একজন সাধারণ মানুষের রূপ গ্রহণ করেছেন— যাতে তিনি আমাদের অনন্তজীবন দিতে পারেন।

**তিনি স্বভাবগতরূপে ঈশ্বর হয়েও,**
**ঈশ্বরের সমকক্ষ হওয়ার অবস্থান**
**আঁকড়ে ধরে থাকার কথা ভাবেননি**
**কিন্তু নিজেকে রিক্ত করে দিয়ে;**
**তিনি ক্রীতদাসের রূপ ধারণ করলেন**
**মানব-সদৃশ হয়ে জন্ম নিলেন ও**
**মানবাকারে প্রত্যক্ষ হয়ে তিনি**
**নিজেকে অবনত করলেন;**

**মৃত্যু পর্যন্ত, এমনকি ক্রুশমৃত্যু পর্যন্ত তিনি অনুগত থাকলেন।"** (ফিলিপীয় ২:৬-৮)

আমাদের অস্তিত্বের উদ্দেশে জীবন এবং অর্থ আনার জন্য তিনি ক্রুশের উপর মৃত্যুবরণ করেছিলেন, আমাদের জীবনে তিনি উদ্দেশ্য দিয়েছেন। আমাদের পুরস্কৃত করার জন্য তিনি ফিরে আসছেন, এবং তিনি যা কামনা করেন তা হচ্ছে আমাদের জন্য তাঁর ভালোবাসা এবং তাঁর সঙ্গে আমাদের ঘনিষ্ঠ চলা।

দাউদ সদাপ্রভুতে শক্তি খুঁজে পেয়েছিলেন!

বাইবেলে বলা হয়েছে যে দাউদ অত্যন্ত বিষন্ন হয়েছিলেন। যাইহোক, তিনি উপলব্ধি করেছিলেন যে তিনি ঈশ্বরের কাছ থেকে কতদূরে চলে গিয়েছিলেন। পুনরায় শক্তিকে নবায়িত করার জন্য তিনি ঈশ্বরের কাছে ফিরে এসেছিলেন। দাউদ আবিষ্কার করেছিলেন যে ঈশ্বরই হচ্ছেন তাঁর শক্তির একমাত্র উৎস, যা তাঁকে আশাহীন পরিস্থিতিতে সাহায্য করতে সক্ষম। তিনি বুঝেছিলেন যে কষ্টের সময় তিনিই হচ্ছেন চিরসহায়। দাউদ সদাপ্রভুর উপস্থিতির অন্বেষণ করেছিলেন, পরে তাঁকে কী করতে হবে সেই বিষয়ে তিনি অনুসন্ধান করেছিলেন এবং নির্দেশনার জন্য তিনি তাঁর মুখের অন্বেষণ করেছিলেন, সর্বশক্তিমানের উপর তাঁর নির্ভরতা ব্যাখ্যা করেছিলেন। এবার, তিনি সদাপ্রভুর শক্তিতে সামনে অগ্রসর হতে চেয়েছিলেন।

ঠিক এখনই আমাদের কয়েক জনকে ঈশ্বর শক্তি, উৎসাহ, ক্ষমা, এবং পুনরুদ্ধারের জন্য তাঁর কাছে আসার আহ্বান করছেন— যাতে আমরা সেই জায়গায় ফিরে আসতে পারি যেখানে আমাদের থাকা উচিৎ। দাউদ ঈশ্বরের হাতের মধ্যে পতিত হতে দ্বিধাবোধ করেননি,এবং আমরাও যেন একই কাজ করতে দ্বিধাবোধ না করি।

বাইবেলে বলা হয়েছে দাউদ কখন ফিরে এসেছিলেন (১ শমূয়েল ৩০:১৮), **"দাউদ সমস্ত কিছু ফিরে পেয়েছিলেন।"** তিনি যা কিছু হারিয়েছিলেন সমস্ত কিছু ফিরে পেয়েছিলেন— পরিবার, টাকা, খ্যাতি, মর্যাদা, বন্ধুবান্ধব, অধিকার এবং সম্পদ। কল্পনা করুন: দাউদ সমস্ত কিছু ফিরে পেয়েছিলেন,কেবল তাঁর নিজের জন্য নয় কিন্তু তাঁর সমস্ত লোকদের জন্য। আমরা যখন তাঁর উপর আস্থা রাখি, তখন যেখানে আর কেনও পথ নেই বলে মনে হয়, সেখানে ঈশ্বর পথ খুঁজে বের করেন। তিনি অতিপ্রাকৃত দরজাগুলি খুলে দিতে পারেন।

সম্ভবতঃ আপনি নিজেকে দাউদের পরিস্থিতিতে দেখছেন, সমস্ত কিছু হারানোর অনুভূতির মধ্যে আছেন এবং ভাবছেন আবার সব কিছু ফিরে পাওয়া সম্ভব কি না, "এই পরিস্থিতি থেকে বেরিয়ে আসার কোনও পথ আছে কি? আমি একা এই পরিস্থিতির মধ্যে আছি।"

প্রিয় ভাই এবং বোনেরা, মনে রাখবেন আমরা একা নই; শুধু পিতার কাছে ছুটে যান, এবং তিনি সমস্ত কিছু একসঙ্গে আপনার মঙ্গলের জন্য করবেন।

প্রিয় বন্ধুগণ, দাউদের জীবনে এই খাড়া পতন তাঁর চিন্তাগুলি থেকে উদ্ভূত হয়েছিল, সুতরাং আমরা কি চিন্তা করছি সেই বিষয়ে আমাদের যত্নশীল হতে হবে। একই সময় আমাদের মনে রাখতে হবে যে আমাদের ক্ষমাশীল পিতা, আপনার এবং আমার তাঁর কাছে ফিরে আসার জন্য দুহাত বাড়িয়ে অপেক্ষা করছেন।

আপনি তাঁর কাছে ছুটে আসবেন?

# অনুগ্রহ করে মনোযোগ দিন

## পাস্টর এস.স্যাম সেলভা রাজের আত্মজীবনী!

আমরা পাস্টর এস. স্যাম সেলভারাজের আত্মজীবনী পুস্তকরূপে প্রকাশ করার কাজ সম্পূর্ণ করার প্রায় শেষ ধাপে এসে উপস্থিত হয়েছি। ঈশ্বর কীভাবে তাঁর পরিচর্যা কাজের মাধ্যমে আপনার আত্মিক বৃদ্ধিকে প্রভাবিত করেছেন সেই বিষয়ে দশ লাইনের মধ্যে সাক্ষ্য লিখে পাঠানোর অনুরোধ জানাচ্ছি। এছাড়াও আত্মজীবনী পুস্তকটিতে অন্তর্ভূক্ত করার জন্য ফটো পাঠানোর জন্যেও আমরা আপনাদের অনুরোধ জানাচ্ছি।

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**
Please subscribe

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.

- Editor

### OUR BANK DETAILS:

***1. Bank : State Bank of India***

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **S. Sam Selva Raj** |
| A/C No. | : **1023 2934 679** |
| IFSC | : **SBIN 00 00 249** |

SWIFT CODE : **SBI NIN BB 455**

***2. Bank : ICICI Bank***

| | |
|---|---|
| Branch | : **Anna Salai, Chennai-6** |
| Name | : **Echo of His Call** |
| A/C No. | : **6038 0502 2319** |
| IFSC | : **ICIC 000 6038** |

***3. Bank : State Bank of India***
**(This Account is for Tax Exemption for Indians only )**

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : **1023 2923 805** |
| IFSC | : **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিণ্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS / 1 Patrika Channel"
on 14th SEPTEMBER 2024
If un-delivered please return to:
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**